তারিখ ... 03 MAY 2016 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

সংবাদ

# এসএসসি'র ফল প্রকাশ ১১ মে

নিজস্ব বার্তা পরিবেশক

এসএসসি ও সমমানের পরীক্ষার ফল আগামী ১১ মে বুধবার প্রকাশ হবে। গতকাল শিক্ষা সচিব সোহরাব হোসাইন সাংবাদিকদের এ তথ্য জানিয়ে বলেন, 'এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশের জন্য প্রধানমন্ত্রী ১১ মে সময় দিয়েছেন। আমরা ওই দিন দুপুর ১টার মধ্যে সংবাদ সম্মেলন করে আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ করব। শিক্ষামন্ত্রী এখন বিদেশে রয়েছেন, তিনি দেশে ফিরলে সংবাদ সম্মেলনের সময় ঠিক করা হবে।'

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে ফল প্রকাশের জন্য ১০ বা ১১ মে সময় চেয়ে প্রধানমন্ত্রীর কাছে প্রস্তাব পাঠায়। প্রধানমন্ত্রী ১১ মে সময় দেয়ায় ওই দিন ফল প্রকাশের দিন নির্ধারণ করা হয়। রেওয়াজ অনুযায়ী ফল প্রকাশের দিন সকালে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বোর্ড চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে প্রধানমন্ত্রীর কাছে ফল হস্তান্তর করবেন এসএসসি'র : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## এসএসসি'র : ফল

(১ম পৃষ্ঠার পর)

এরপর দুপুরে মন্ত্রী সচিবালয়ে সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ করবেন। গত ১ ফেব্রুয়ারি সারাদেশে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়। তাত্ত্বিক বা লিখিত পরীক্ষা শেষ হয় ১০ মার্চ। পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যে ফল প্রকাশ করা হয়ে থাকে। এবার এসএসসি ও সমমানের পরীক্ষায় ১৬ লাখ ৫১ হাজার ৫২৩ শিক্ষার্থী অংশ নিয়েছে। এর মধ্যে ৮টি বোর্ডের অধীনে এসএসসিতে ১৩ লাখ ৪ হাজার ২৭৪ জন, মাদ্রাসা বোর্ডের অধীনে দাখিলে দুই লাখ ৪৮ হাজার ৮৬৫ ও এসএসসি ভোকেশনালে (কারিগরি) ৯৮ হাজার ৩৮৪ শিক্ষার্থী পরীক্ষা দিয়েছে। এবার তিন হাজার ১৪৩টি কেন্দ্রে ২৮ হাজার ১১৯টি শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নেয়।